গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
সমাজসেবা ভবন
ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০০৭.১৪.৭২৬.২৫. ৭৪

তারিখ : ২৬ মাঘ, ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি, ২০২৬

বিষয়: উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে 'প্রকল্প পরিচালক (PD), উপ-প্রকল্প পরিচালক (DPD) ও সহকারী প্রকল্প পরিচালক (APD) পুল' গঠনের নিমিত্ত আগ্রহী কর্মকর্তাদের জীবনবৃত্তান্ত প্রেরণ সংক্রান্ত।
সূত্র: পরিকল্পনা বিভাগের স্মারক নং-২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪ তারিখ: ০৯.০২.২০১৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এবং ভবিষ্যতে গ্রহণীয় উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠু ও দক্ষভাবে পরিচালনার লক্ষ্যে একটি 'প্রকল্প পরিচালক (PD), উপ-প্রকল্প পরিচালক (DPD) ও সহকারী প্রকল্প পরিচালক (APD) পুল' গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুযায়ী প্রকল্প অনুমোদনের পর দ্রুততম সময়ে যোগ্য কর্মকর্তাদের এসব পদে পদায়নের প্রস্তাব প্রেরণের সুবিধার্থে এই পুল গঠন করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, সমাজসেবা অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত নবম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হতে যারা ভবিষ্যতে উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক বা সহকারী প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী, তাঁদেরকে সংযুক্ত নির্ধারিত ছক মোতাবেক জীবন বৃত্তান্ত পূরণপূর্বক আগামী ০৭ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় হার্ডকপি ও সফটকপি planning@dss.gov.bd এই ইমেইল বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা (PPA-২০০৬ ও PPR-২০০৮/PPR-২০২৫), আর্থিক ক্ষমতা অর্পণ (DoFP-২০১৫/ DoFP-২০২৬) এবং প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।

সংযুক্তি: পরিকল্পনা বিভাগের স্মারক এবং জীবন বৃত্তান্তের ছক।

০৯/০২/২০২৬
(মোহাঃ সাদিকুল হক)
অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
সমাজসেবা অধিদপ্তর।
মোবাইল: +৮৮০২-৫৫০০৬৭৫
ইমেইল- addl.dir.plan@dss.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর।
২। অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর।
৩। উপপরিচালক/সমমান (সকল), সমাজসেবা অধিদপ্তর।
৪। উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ, সমাজসেবা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক/সমমান (সকল), সমাজসেবা অধিদপ্তর।
৬। সমাজসেবা অফিসার/সমমান (সকল), সমাজসেবা অধিদপ্তর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):
১। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রশাসনিক কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত শাখা), সমাজসেবা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

## সংযোজনী উ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়

স্মারক-২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪ তারিখ: ০৯.০২.২০১৬ খ্রি:।

বিষয়: উন্নয়ন প্রকল্পের পরিচালক নিয়োগ সংক্রান্ত নিয়মাবলি।

উন্নয়ন কর্মকাণ্ডের পরিধি উত্তরোত্তর বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য উন্নয়ন কর্মকাণ্ডের ব্যবস্থাপনা সুষ্ঠু ও গতিশীল রাখা প্রয়োজন। এ ব্যবস্থাপনা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কাজে সম্পৃক্ত মানব সম্পদের উপর বহুলাংশে নির্ভরশীল। প্রকল্প অনুমোদনের পর প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মন্থর হয়ে পড়ার অন্যতম কারণ হলো দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালকের অভাব। কাঙ্ক্ষিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন তথা প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়নে যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিম্নে উল্লেখিত নির্দেশনাবলি অনুসৃত হবে-

২.০ প্রকল্প অনুমোদিত হওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কমিটির সভা আহবান করে ন্যূনতম সম্ভাব্য ০৩ জন প্রকল্প পরিচালকের বৃত্তান্ত পরিপত্রে সংযুক্ত ছক (সংযোজনী-১) অনুযায়ী উপস্থাপন করবে।

৩.০ নিম্নবর্ণিত কমিটির সুপারিশের ভিত্তিতে নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে:

৩.১ কমিটি গঠন:

| | | |
|---|---|---|
| ১। | সিনিয়র সচিব/সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | সভাপতি |
| ২। | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩। | আইএমই বিভাগের সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধি | সদস্য |
| ৪। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৫। | অর্থ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৬। | ইআরডির প্রতিনিধি* | সদস্য |
| ৭। | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রধান | সদস্য |
| ৮। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ প্রধান/অধিশাখা প্রধান/শাখা প্রধান | সদস্য সচিব |

* বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে।

৩.২ কমিটির কার্যপরিধি:

ক) কমিটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদুর্দ্ধ (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সংযুক্ত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে।

খ) কমিটি প্রকল্প পরিচালক নির্বাচনের জন্য মানদণ্ড (যেমন-শিক্ষাগত যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অভিজ্ঞতা, প্রকিউরমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি) বিবেচনা করবে।

গ) কমিটি পরিপত্রের বিধানাবলির আলোকে পূর্ববর্তী উপ-অনুচ্ছেদ 'খ'-তে বর্ণিত মানদণ্ড এবং সম্ভাব্য প্রকল্প পরিচালকদের সাক্ষাৎকারের ভিত্তিতে একজন প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে।

ঘ) ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রকল্প পরিচালক (পূর্ণকালীন/খন্ডকালীন) নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে এ কমিটির সহায়তা গ্রহণ করতে পারে।

ঙ) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পর্যন্ত যেসব কর্মকর্তার চাকুরির মেয়াদ থাকবে না, সেসব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না।

চ) জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/প্রকল্প পরিচালককে অন্যত্র বদলি পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

ছ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪.০ <u>অন্যান্য অনুসরণীয় বিষয়াবলি:</u>

৪.১ উপর্যুক্ত কমিটির সুপারিশ ব্যতীত কোন প্রকল্প পরিচালক নিয়োগ করা যাবে না।

৪.২ পদাধিকার বলে কোন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা যাবে না।

৪.৩ একজন কর্মকর্তাকে একটি মাত্র প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দেয়া যেতে পারে। তবে বিশেষ প্রয়োজনে একজন কর্মকর্তাকে সর্বোচ্চ দুইটি প্রকল্পের পরিচালক নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। সেক্ষেত্রে কমিটির সুপারিশের প্রয়োজন হবে;

৪.৪ ক্রয় সংক্রান্ত বিধানাবলি ও প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও প্রকল্প বাস্তবায়ন কাজে অভিজ্ঞ (৫ম গ্রেডের নীচে নয়) কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োগে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৪.৫ প্রকল্প অনুমোদনের পর প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। তবে কারিগরি সহায়তা প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী কর্তৃক প্রকল্প অনুমোদনের পূর্বে প্রকল্প পরিচালক নিয়োগের শর্ত প্রদান করা হলে কমিটি এ পরিপত্রে বর্ণিত বিধানাবলি প্রতিপালন করে প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে;

৪.৬ প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে;

৪.৭ ইতোমধ্যে যে সকল কর্মকর্তা একাধিক প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত আছেন তাঁদেরকে অনুচ্ছেদ ৪.৩ এ বর্ণিত কমিটির সুপারিশ গ্রহণ করা না হলে, দু'টি প্রকল্পের অধিক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব (যদি থাকে) থেকে অব্যাহতি প্রদান করতে হবে।

৪.৮ অতিরিক্ত দায়িত্ব প্রদান করে প্রকল্প পরিচালক নিয়োগ পরিহার করতে হবে। তবে স্বল্পকালীন ব্যবস্থা হিসেবে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের পূর্বে ন্যূনতম সময়ের জন্য অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যেতে পারে।

৪.৯ প্রকল্প বাস্তবায়নে সে সকল কর্মকর্তার কর্মদক্ষতা (Performance) সন্তোষজনক নয়, তাঁদেরকে প্রকল্প পরিচালক হিসেবে প্রস্তাব করা যাবে না।

৫.০ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী প্রকল্প পরিচালক নিয়োগ চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন।

৬.০ এ পরিপত্রটি প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত নীতিমালা/পরিপত্রের নির্দেশনাবলির প্রযোজ্য অংশের প্রতিস্থাপন বলে গন্য হবে।

৭.০ এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/
(তারিক-উল-ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ

নং -২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪ তারিখ: ০৯.০২.২০১৬ খ্রি:।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। সিনিয়র সচিব/সচিব (সকল),---------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

৪। সদস্য (সকল), --------------------------------------- পরিকল্পনা কমিশন, ঢাকা।

৫। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

স্বাক্ষরিত/
(মোঃ মোতাছিম বিল্লাহ)
সিনিয়র সহকারী প্রধান

# পরিশিষ্ট ১

## সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্তের নমুনা

১। নাম :

২। পিতার নাম

৩। মাতার নাম :

৪। স্থায়ী ঠিকানা :

৫। বর্তমান ঠিকানা :

৬। নবম গ্রেডে চাকুরিতে যোগদানের তারিখ :

৭। বর্তমান পদবি :

৮। জন্ম তারিখ :

৯। বর্তমান গ্রেড/বেতন স্কেল :

১০। অবসরে যাওয়ার তারিখ :

১১। শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক | ডিগ্রি/পরীক্ষার নাম | পাশের সন | বিভাগ/শ্রেনি | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|

১২। স্থানীয় প্রশিক্ষণ (ক্রয় সংক্রান্ত ও পরিকল্পনা বিষয়ে প্রশিক্ষণ ব্যতীত) :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | আয়োজক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রশিক্ষণের ব্যাপ্তি (সন ও তারিখসহ) |
|---|---|---|---|

১৩। বৈদেশিক প্রশিক্ষণ (ক্রয় সংক্রান্ত ও পরিকল্পনা বিষয়ে প্রশিক্ষণ ব্যাতীত) :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | আয়োজক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রশিক্ষণের ব্যাপ্তি (সন ও তারিখসহ) |
|---|---|---|---|

১৪। গণ খাতে ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণের বিবরণ :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | আয়োজক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রশিক্ষণের ব্যাপ্তি (সন ও তারিখসহ) |
|---|---|---|---|

১৫। প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের বিবরণ :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | আয়োজক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রশিক্ষণের ব্যাপ্তি (সন ও তারিখসহ) |
|---|---|---|---|

১৬। প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন কাজে অভিজ্ঞতা (প্রকল্প পরিচালকের দায়িত্ব বাদে) :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | আয়োজক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রশিক্ষণের ব্যাপ্তি (সন ও তারিখসহ) |
|---|---|---|---|

১৭। প্রকল্প পরিচালক হিসেবে কাজ করার অভিজ্ঞতা :

| ক্রমিক | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | প্রকল্পে পিডি হিসেবে কর্মকাল |
|---|---|---|---|

১৮। বর্তমান দায়িত্বসহ বিগত ০৫ বছরের দায়িত্বের বিবরণ :

| ক্রমিক | পদবি | কর্মকাল | প্রধান প্রধান দায়িত্ব |
|---|---|---|---|